**১৬-০৩-২০১৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সভার কার্যবিবরণীঃ**

১৬-০৩-২০১৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভাপতিত্বে সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে সন্নিবেশিত করা হলো।

**২। আলোচনা ও সিদ্ধান্তঃ**

সচিব মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ বিভাগের যুগ্ম-সচিব (প্রশাসন অধিশাখা-২) শুদ্ধাচার কৌশলের ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে পাওয়ার পয়েন্টের মাধ্যমে বিস্তারিত উপস্থাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিধান্তসমুহ সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**সিদ্ধান্ত সমুহঃ**

(ক) জাতীয় শুদ্ধাচার কৌশল এর ছক মোতাবেক বিষয়াবলি যথাযথভাবে এ বিভাগের সকল শাখা/অধিশাখা ও আওতাধীন দপ্তর সংস্থাকে অনুসরণ করতে হবে।

(খ) (i) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি খাতের জন্য সকল দপ্তর/সংস্থাকে বাজেট বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ii) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ন্যায় অধীনস্থ অন্যান্য দপ্তর/সংস্থা পর্যায়েও শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন জরুরী হওয়ায় সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করেত হবে। উক্ত প্রশিক্ষণ সকল দপ্তর/সংস্থার প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তারা দিতে পারেন। এজন্য মন্ত্রিপরিষদ বিভাগের প্রশিক্ষকদেরকেও আমন্ত্রণ জানানো যেতে পারে। উক্ত প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করা প্রয়োজন।

(গ) অগ্রগতি পর্যালোচনার জন্য মন্ত্রণালয় ও দপ্তর সংস্থায় প্রতি ৩ মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে।

(ঘ) এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

(ঙ) শুদ্ধাচার কমিটি ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের মধ্য হতে ২ (দুই) জনকে পুরস্কারের জন্য মনোনীত করবেন। উত্তম চর্চার জন্য শুদ্ধাচার পদক প্রদানের মুল্যায়নের জন্য নম্বর ভিত্তিক একটি ছক তৈরী করতে হবে। দপ্তর/সংস্থাসমূহ অনুরুপ পদ্ধতি অবলম্বন করবে।

(চ) দপ্তর/সংস্থা পর্যায়ে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অভ্যন্তরীন মূল্যায়নের জন্য নিজস্ব কমিটি গঠন করতে হবে।

(ছ) সকল দপ্তর/সংস্থাকে এবিভাগ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে লব্ধ জ্ঞানের আলোকে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

(এম এ কাদের সরকার) ২০/০৩/২০১৬
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

| উন্নয়ন ও সমবায় বিভাগ | | অনুমোদনকারী কর্তৃপক্ষ : নৈতিকতা কমিটি<br>তারিখঃ ২০/১২/২০১৫ খ্রিঃ | | | |
|---|---|---|---|---|---|
| কার্যসমূহ | সময়সীমা | সূচক | | | দায়িত্ব |
| | | ডিসেম্বর,২০১৫ পর্যন্ত অর্জন | লক্ষ্য | পরিমাপের একক | |
| ১. সাংগঠনিক ব্যবস্থাপনা | | | | | |
| ১.১. নৈতিকতা কমিটি গঠন | ২২ মে,২০১৩ তারিখ গঠিত | - | - | গঠিত | মন্ত্রণালয় প্রধান, সচিব |
| ১.২.নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন | তিন মাস অন্তর | ৪ | ৬ | সভা/ বছর | নৈতিকতা কমিটি |
| ১.৩.শুদ্ধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে আলোচনা অনুষ্ঠান | তিন মাস অন্তর | ১ | ২ | সভা/ বছর | নৈতিকতা কমিটি |
| ১.৪. সংস্থা পর্যায়ে নৈতিকতা কমিটি গঠন ও নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন | গঠিত ও কর্মপরিকল্পনা প্রণীত | দপ্তর/সংস্থা প্রতিবেদন দাখিল করবে | - | গঠিত ও প্রণীত | স্ব স্ব প্রতিষ্ঠান |
| ১.৫.শুদ্ধাচার ফোকাল পয়েন্ট নিয়োগ | জুলাই, ২০১৩ | সম্পন্ন হয়েছে | - | - | নৈতিকতা কমিটি |
| ১.৬.ফোকাল পয়েন্ট -এর দায়িত্ব কর্তব্য নির্ধারণ ও কর্মবন্টনে অন্তর্ভুক্তকরণ | জুন, ২০১৫ | নির্ধারণ ও অর্ন্তভুক্তি | - | নির্ধারণ ও অর্ন্তভুক্তি | নৈতিকতা কমিটি ও প্রশাসন অনুবিভাগ |
| ২. সচেতনতা বৃদ্ধি | | | | | |
| ২.১. শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান | জুন, ২০১৬ | - | ৫০ | প্রশিক্ষণার্থী সংখ্যা | মন্ত্রণালয়/ সংস্থা |
| ২.২. ট্রেনিং কোর্স কারিক্যুলামে 'শুদ্ধাচার' অর্ন্তভুক্তকরণ | জুন, ২০১৫ | ২ | ৫ | মডিউলের সংখ্যা | সকল দপ্তর সংস্থা |
| ৩. বিদ্যমান আইন ও বিধি-বিধান এর সমস্যা চিহ্নিতকরণ এবং সংস্কার | | | | | |
| ৩.১. 'কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা' প্রণয়ন | জুন, ২০১৬ | - | - | - | আইন শাখা/ পরিকল্পনা শাখা |
| ৩.২ দক্ষতা উন্নয়নের ক্ষেত্র চিহ্নিতকরণ ও প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন | জুন, ২০১৬ | প্রণীত | - | প্রণীত | প্রশাসন শাখা/ পরিকল্পনা শাখা |
| ৪. পুরস্কার প্রদান | | | | | |
| ৪.১ উত্তম চর্চার জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের শুদ্ধাচার পদক প্রদান | জুন, ২০১৬ | - | ২ | পদক/ বছর | প্রশাসন অনুবিভাগ |
| ৪.২ উত্তম চর্চার জন্য সংস্থা পর্যায়ে শুদ্ধাচার পদক প্রদান | জুন, ২০১৬ | - | ২ | পদক/ বছর | দপ্তর/ সংস্থা প্রধান |

| উন্নয়ন ও সমবায় বিভাগ | | অনুমোদনকারী কর্তৃপক্ষ : নৈতিকতা কমিটি<br>তারিখঃ ২০/১২/২০১৫ খ্রিঃ | | | |
|---|---|---|---|---|---|
| কার্যসমূহ | সময়সীমা | সূচক | | | দায়িত্ব |
| | | ডিসেম্বর,২০১৫ পর্যন্ত অর্জন | লক্ষ্য | পরিমাপের একক | |
| ৪.৩ অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন সূচক হিসেবে শুদ্ধাচার এর অন্তর্ভুক্তি | জুন, ২০১৬ | - | - | অর্ন্তভুক্ত | বিভাগ/ সংস্থা |
| ৪.৪ মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য বৈদেশিক প্রশিক্ষণ | জুন, ২০১৬ | ২২ | ২০ | প্রশিক্ষণার্থী সংখ্যা | মন্ত্রণালয় |
| ৫. সেবার মান উন্নীতকরণ | | | | | |
| ৫.১ দ্বিতীয় প্রজন্মের সিটিজেন চার্টার প্রবর্তন | জুন, ২০১৬ | প্রবর্তিত | - | প্রবর্তিত | মন্ত্রণালয়/ সংস্থা |
| ৫.২ ওয়েবসাইট হালনাগাদকরণ | চলমান | প্রতিদিন | প্রতিদিন | হালনাগাদকৃত | মন্ত্রণালয়/ সংস্থা |
| ৫.৩ মন্ত্রণালয়ে ইন্টারনেট সুবিধা প্রদান | জুন, ২০১৬ | সকল ১ম, ২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী | সকল ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা | ইন্টারনেট সুবিধা সম্বলিত পিসির সংখ্যা | আইসিটি শাখা |
| ৫.৪ মন্ত্রণালয়ে ওয়াই-ফাই সুবিধা প্রবর্তন | প্রবর্তিত হয়েছে | প্রবর্তিত | - | প্রবর্তিত | মন্ত্রণালয় |
| ৫.৫ কর্মজীবন উন্নয়নের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান | জুন, ২০১৬ | কর্মকর্তা- ১১০ জন এবং কর্মচারী ৯০ জন | ৩০ | প্রশিক্ষণার্থী সংখ্যা | প্রশাসন অনুবিভাগ |
| ৫.৬ দরপত্র/কোটেশন আহবান নোটিশ ওয়েবসাইটে প্রকাশ | মার্চ, ২০১৫ | ১০০% | ১০০% | দরপত্র/কোটেশন আহবান নোটিশের শতকরা হার | প্রশাসন অনুবিভাগ |
| ৫.৭ ভিডিও কনফারেন্স সুবিধা প্রবর্তন | জুন, ২০১৬ | প্রবর্তিত | - | প্রবর্তিত | আইসিটি শাখা |
| ৫.৮ ই-ফাইলিং ব্যবস্থা প্রবর্তন | জুন, ২০১৬ | কার্যক্রম শুরু করা হয়েছে। | - | প্রবর্তিত | আইসিটি শাখা |
| ৬. স্বচ্ছতা ও জবাবদিহিতা | | | | | |
| ৬.১ অভিযোগ ব্যবস্থাপনার জন্য ফোকাল পয়েন্ট নির্ধারণ ও জনসাধারণকে অবহিতকরণ | নিয়োগকৃত ও অবহিত | প্রবর্তিত | - | নিয়োগকৃত ও অবহিত | প্রশাসন অনুবিভাগ |
| ৬.২ দ্রুততম সময়ে অভিযোগ নিষ্পত্তি | জুন, ২০১৬ | বিআরডিবি ৯১ টি<br>সমবায় অধিদপ্তর ১২ টি | ২০০ | নিষ্পত্তির সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা |
| ৬.৩ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য প্রযোজ্য ক্ষেত্রে অভিযোগকারীকে অবহিতকরণ | জুন, ২০১৫ | ১০০% | ১০০% | শতকরা হার | মন্ত্রণালয়/ সংশ্লিষ্ট সংস্থা |
| ৬.৪ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | প্রতিমাসে | প্রতিমাসের ১০ তারিখে | প্রতিমাসের ১০ তারিখে | নির্ধারিত সময়ে | আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ |

| উন্নয়ন ও সমবায় বিভাগ | | | অনুমোদনকারী কর্তৃপক্ষ : নৈতিকতা কমিটি<br>তারিখঃ ২০/১২/২০১৫ খ্রিঃ | | | |
|---|---|---|---|---|---|---|
| কার্যসমূহ | সময়সীমা | সূচক | | | দায়িত্ব |
| | | ডিসেম্বর,২০১৫ পর্যন্ত অর্জন | লক্ষ্য | পরিমাপের একক | |
| ৬.৫ অভিযোগ নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্মকর্তাকে প্রণোদনা প্রদান পদ্ধতি প্রবর্তন | জুন, ২০১৬ | প্রবর্তিত | - | প্রবর্তিত | প্রশাসন অনুবিভাগ |
| ৭. তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম | | | | | |
| ৭.১ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মনোনয়ন | মনোনীত | মনোনীত | - | মনোনীত | প্রশাসন অনুবিভাগ |
| ৭.২ মন্ত্রণালয় হতে প্রকাশিত বাৎসরিক দলিল পত্রাদি পুস্তক আকারে মুদ্রণ এবং ওয়েবসাইটে প্রকাশ | জুন, ২০১৬ | ৪০% | ১০০% | দলিল পত্রাদির শতকরা হার | প্রশাসন অনুবিভাগ |
| ৭.৩ তথ্য অধিকার আইন অনুযায়ী সক্রিয়ভাবে তথ্য প্রদান নিশ্চিত করা | জুন, ২০১৬ | ১০০% | ১০০% | চাহিদার শতকরা হার | প্রশাসন অনুবিভাগ |
| ৮. অভ্যন্তরীণ মূল্যায়ন ও বাজেট বরাদ্দ | | | | | |
| ৮.১ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ে অভ্যন্তরীণ মূল্যায়ণ পদ্ধতি প্রবর্তন এবং অনুবিভাগ ভিত্তিক মূল্যায়ন সভা | জুন, ২০১৬ | - | ১০ | কমিটি গঠন এবং সভা/ বছর | প্রশাসন অনুবিভাগ এবং অভ্যন্তরীণ মূল্যায়ণ কমিটি |
| ৮.২ অভ্যন্তরীণ মূল্যায়ণ কমিটির সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা | জুন, ২০১৬ | - | ২ | সভা/ বছর | প্রশাসন অনুবিভাগ এবং অভ্যন্তরীণ মূল্যায়ণ কমিটি এবং সচিব |
| ৮.৩ অভ্যন্তরীণ মূল্যায়ণ কমিটির মূল্যায়ণ ও সুপারিশসমূহের সমন্বয়ে বাৎসরিক প্রতিবেদন প্রকাশ | জুন, ২০১৬ | - | - | প্রকাশিত | প্রশাসন অনুবিভাগ |
| ৮.৪ শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বাজেট চাহিদা প্রেরণ | মার্চ, ২০১৫ | বাজেট চাহিদা প্রেরণ করা হয়েছে। | - | নির্ধারিত সময়ে | প্রশাসন অনুবিভাগ |
| ৯. কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ | | | | | |
| ৯.১ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিয়মিত পরিবীক্ষণ | তিন মাস অন্তর | ৩ | ৬ | সভা/ বছর | নৈতিকতা কমিটি |